

উপজেলা পরিষদ
বরিশাল সদর, বরিশাল।

স্মারক নং- ০৯/২০২১

উপজেলা অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভার কার্য-বিবরণী:

সভাপতি : জনাব রেহানা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরিশাল সদর, বরিশাল।

তারিখ : ১৬-০৯-২০২১ খ্রি:

সময় : ১১:০০ ঘটিকা

সভাস্থল : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষে।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট পত্র “ক” দ্রষ্টব্য


সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। অতঃপর সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উক্ত কমিটির সদস্য সচিব ও উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডা ভিত্তিক সভা পরিচালনা করার অনুরোধ জানান।

১. চেয়ারম্যান, শায়েস্তাবাদ ইউনিয়ন পরিষদ জানান, ইদানিং সময়ে শায়েস্তাবাদ বাজারের মুদি মনোহারী ব্যবসায়ীগণ কেহ কেহ ভোজ্য তেলসহ অনেক দ্রব্যের সাথে ভেজাল দিয়ে অধিক ব্যবসা করেন ও মেয়াদ উত্তীর্ণ দ্রব্য বিক্রি করে সাধারণ মানুষকে ধোকা দিচ্ছেন। তিনি মোবাইল কোর্ট পরিচালনার পাশাপাশি ব্যবসায়ীদের নিয়ে সচেতনতামূলক সভার আয়োজন করার প্রস্তাব করেন।

সভায় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১. ভেজাল প্রতিরোধসহ সব ধরনের অসাধু কার্যকলাপ বন্ধের জন্য প্রতি তিন মাস অন্তর অন্তর প্রতিটি বাজারের ব্যবসায়ীদের নিয়ে সচেতনতামূলক সভা আয়োজনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভাকার্য সমাপ্তি ঘোষণা করেন।



(রেহানা বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ ও

সভাপতি

উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও

স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটি

বরিশাল সদর, বরিশাল।

২৬/০৭/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বরিশাল সদর উপজেলা পরিষদের উপজেলা কমিটি সভায় উপস্থিত
সম্মানিত সদস্যদের স্বাক্ষর।

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ :			
ক্রঃ নং	পদবী ও ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১।	মহিল ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরিশাল সদর	সভাপতি	
২।	চেয়ারম্যান, চন্দ্রমোহন ইউনিয়ন পরিষদ	সদস্য	
৩।	চেয়ারম্যান, শায়েস্তাবাদ ইউনিয়ন পরিষদ	সদস্য	
৪।	চেয়ারম্যান, চাঁদপুরা ইউনিয়ন পরিষদ	সদস্য	
৫।	উপজেলা নির্বাহী অফিসার, বরিশাল সদর, বরিশাল	সদস্য- সচিব	